MAR. 1 8 2004

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# আজ ১০টি কেন্দ্রে বিডিআর থাকবে

যুগান্তর রিপোর্ট

আজকের এসএসসি পরীক্ষায় ১০টি কেন্দ্রে বিডিআর থাকবে। প্রয়োজনে আরও কেন্দ্রে বিডিআর মোতায়েন করা হবে। বিডিয়ার মোতায়েনের জন্য চিহ্নিত এই ১০টি কেন্দ্রের মধ্যে ৬টিই কুমিল্লা জেলায়। বাকি ৪টির মধ্যে ২টি নোয়াখালী এবং সিরাজগঞ্জ ও নাটোর জেলায় ১টি করে কেন্দ্র রয়েছে।

কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর অরুণ কুমার আচার্য প্রথম দিনের পরীক্ষা শেষে কেন্দ্রগুলোর পরিবেশ-পরিস্থিতি বর্ণনা করে কুমিল্লা ও নোয়াখালীর জেলা প্রশাসকদের চিঠি দিয়েছেন। কুমিল্লার জেলা প্রশাসককে লেখা চিঠিতে লাকসামের নওয়াব

কেন্দ্র : পৃষ্ঠা : ১৫ কলাম : ৮

## কেন্দ্র : বিডিআর

(শেষ পৃষ্ঠার পর)

ফয়জুন্নেসা সরকারি কলেজ, দাউদকান্দির গৌরীপুর সুবল আফতাব উচ্চ বিদ্যালয় ও দাউদকান্দি পাইলট হাই স্কুল, বুড়িচংয়ের আনন্দ পাইলট হাই স্কুল, চান্দিনা পাইলট হাই স্কুল ও দেবীদ্বারের নিমসার জুনাব আলী উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা চলার সময় বিডিআর মোতায়েন করার অনুরোধ জানিয়েছেন। চিঠিতে কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান লিখেছেন, জেলা সদর ও সেনানিবাসের ভেতরে অবস্থিত কেন্দ্রগুলো ছাড়া প্রায় সব কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গ করা হয়েছে। কেন্দ্রগুলোতে প্রচুর বহিরাগত ভিড় করেছিল। এছাড়া নোয়াখালীর সোনাইমুড়ি উচ্চ বিদ্যালয় ও ছাতারপাইয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে বিডিআর মোতায়েনের অনুরোধ জানিয়ে জেলা প্রশাসককে চিঠি দেয়া হয়েছে।

রাজশাহী বোর্ডের চেয়ারম্যান নুরুল আলম সিরাজগঞ্জের কামারখন্দ ও নাটোরের লডাঙ্গা কেন্দ্রে বিডিআর মোতায়েনের মনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট জেলা শাসকদের চিঠি দিয়েছেন।

কুমিল্লার জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, তিটি উপজেলা সদরে পরীক্ষা শুরুর দিন থকেই বিডিআর সদস্যদের প্রস্তুত রাখা য়েছে। যখন প্রয়োজন হবে তখনই বডিআর সংশ্লিষ্ট কেন্দ্রে যাবে।

মিল্লা বোর্ডের চেয়ারম্যান ৭টি পরীক্ষা কন্দ্র সচিবকে সতর্ক করে চিঠি দিয়েছেন। থম দিনের পরীক্ষা সম্পর্কে বিভিন্ন ত্রিকায় প্রকাশিত সংবাদ ও ছবির ত্তিতে লেখা চিঠিতে বোর্ড চেয়ারম্যান লেছেন, অবস্থার উন্নতি না হলে ব্যবস্থা য়া হবে।

সব পরীক্ষা কেন্দ্র সচিবকে সতর্ক করে য়া হয়েছে তার সবই কুমিল্লা জেলার। গুলো হচ্ছে : চৌদ্দগ্রামের চিওড়া বেগম য়জুন্নেসা উচ্চ বিদ্যালয়, চৌদ্দগ্রাম ইলট হাই স্কুল, সদর উপজেলার মড়াতলি হাই স্কুল, বুড়িচংয়ের আনন্দ ইলট হাই স্কুল, চান্দিনার রেদোয়ান